গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনা
(সংস্থাপন শাখা)
www.khulnadiv.gov.bd

১৪ অগ্রহায়ণ ১৪২৮ বঙ্গাব্দ

স্মারক নম্বর-০৫.৪৪.০০০০.০০৫.০৭.০৫১.২১.৪৯৯

তারিখ ---------------------------।

২৯ নভেম্বর ২০২১ খ্রিষ্টাব্দ

নিয়োগ বিজ্ঞপ্তি

জনপ্রশাসন মন্ত্রণালয়ের উদ্বৃত্ত কর্মচারী শাখার ১৬-১১-২০২১ তারিখের ০৫.০০.০০০০.১৬৬.১১.০২৭.১৬-২৭৬ নং স্মারকে প্রদত্ত ছাড়পত্রের প্রেক্ষিতে বিভাগীয় কমিশনার, খুলনা এঁর কার্যালয়ে নিম্নবর্ণিত শূন্য পদসমূহে অস্থায়ীভিত্তিতে নিয়োগের নিমিত্ত খুলনা বিভাগের স্থায়ী বাসিন্দাদের নিকট হতে ছকে বর্ণিত যোগ্যতার ভিত্তিতে শর্ত সাপেক্ষে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত আবেদন ফরমে স্ব-হস্তে পূরণকৃত দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্র: নং	পদের নাম, বেতন স্কেল ও গ্রেড (জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী)	শূন্য পদের সংখ্যা	যোগ্যতা
০১	০২	০৩	০৪
০১	অর্ডারলী গ্রেড-২০ বেতন স্কেল (৮২৫০-২০০১০/-)	০৫ (পাঁচ) টি	(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।
০২	নিরাপত্তা প্রহরী গ্রেড-২০ বেতন স্কেল (৮২৫০-২০০১০/-)	০২ (দুই) টি	(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। (খ) সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে।
০৩	মালি গ্রেড-২০ বেতন স্কেল (৮২৫০-২০০১০/-)	০২ (দুই) টি	(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।

আবেদনের শর্তাবলী :

০১ প্রার্থীকে জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রশাসন-১ শাখার ২৯-১২-২০১৪ তারিখের ০৫.১১০.০০০০.০০.০০.০৮৯. ১৪-০১ নম্বর স্মারকে প্রনীত নির্ধারিত ফরমে আবেদন করতে হবে। উক্ত আবেদন ফরম এ কার্যালয়ের সংস্থাপন শাখায় (বিনা মূল্যে) এবং বিভাগীয় কমিশনার, খুলনা এঁর ওয়েব সাইট **www.khulnadiv.gov.bd** -এ পাওয়া যাবে ।

০২ প্রার্থীকে জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক ও অবশ্যই খুলনা বিভাগের স্থায়ী বাসিন্দা হতে হবে এবং আবেদন ফরমে বর্ণিত নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় তথ্য প্রদান করতে হবে ।

০৩ প্রার্থীকে চাকরির নির্ধারিত ফরমে স্বহস্তে আবেদন করতে হবে । স্ব-হস্ত ব্যতীত আবেদন গ্রহণযোগ্য হবে না।

০৪ সরকার কর্তৃক চাকরির নির্ধারিত আবেদন ফরমে বিভাগীয় কমিশনার, খুলনা-কে সম্বোধন করে আগামী ০৮-১২-২০২১ খ্রি: তারিখ হতে ৩০-১২-২০২১ খ্রি. তারিখের মধ্যে অফিস চলাকালীন আবেদনপত্র বিভাগীয় কমিশনার, খুলনা এঁর কার্যালয়ে ডাকযোগে পৌঁছাতে হবে । সরাসরি কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না। খামের উপর মোটা অক্ষরে পদের নাম, নিজ জেলার নাম এবং নিজের নাম ঠিকানা এবং বিশেষ কোটা (প্রযোজ্য ক্ষেত্রে) উল্লেখ করতে হবে ।

০৫ নির্ধারিত আবেদন ফরমের নির্দেশনা ও চাহিদা অনুযায়ী প্রয়োজনীয় তথ্য প্রদান করতে হবে ।

০৬ প্রার্থীর বয়সসীমা ০৭-১২-২০২১ খ্রি. তারিখ ন্যূনতম ১৮ বছর পূর্ণ হতে হবে। জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিধি-১ শাখার ১৯-০৮-২০২১ খ্রি. তারিখের ০৫.০০.০০০০.১৭০.১১.০১৭.২০.১৪৩ নম্বর পরিপত্রের নির্দেশনা মোতাবেক বিগত ২৫-০৩-২০২০ খ্রি. তারিখে সর্বোচ্চ ৩০ বছর পূর্ণ হতে হবে। তবে মুক্তিযোদ্ধার সন্তান বা সন্তানের সন্তান বা প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না ।

০৭ আবেদনপত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে :-

(ক) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা ০৩ (তিন) কপি 5X5 সে.মি. আকারের রঙ্গিন ছবি আবেদন ফরমের নির্ধারিত স্থানে সংযুক্ত করতে হবে এবং ০২ (দুই) কপি স্ট্যাম্প সাইজের রঙ্গিন ছবি দাখিল করতে হবে। সত্যায়নকারী কর্মকর্তার নাম, পদবিযুক্ত স্পষ্ট সীল থাকতে হবে ;

(খ) সকল শিক্ষাগত যোগ্যতা ও সকল অভিজ্ঞতার সনদপত্রের ফটোকপি প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক নামযুক্ত সীল দ্বারা সত্যায়িত ;

(গ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত নামযুক্ত সীল দ্বারা চারিত্রিক সনদপত্র;

(ঘ) স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ পৌরসভার মেয়র/ সিটি কর্পোরেশনের মেয়র/ ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত জাতীয়তা/ নাগরিকত্ব সনদের সত্যায়িত ফটোকপি;

(ঙ) প্রার্থী মুক্তিযোদ্ধার সন্তান/ মুক্তিযোদ্ধার পোষ্য হতে মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকৃত চাকরি প্রার্থীদেরকে নির্ধারিত ফরমের সাথে নিম্নবর্ণিত ছকে উল্লিখিত তথ্যাদি পূরণপূর্বক সনদের সত্যায়িত কপি আবেদন ফরমের সাথে দাখিল করতে হবে।

প্রার্থীর নাম	মুক্তিযোদ্ধার নাম	মুক্তিযোদ্ধার পিতার নাম	মুক্তিযোদ্ধার স্থায়ী ঠিকানা	মুক্তিযোদ্ধার জাতীয় পরিচয়পত্র, জন্ম তারিখ, জন্ম সনদ	মুক্তিযোদ্ধার সনদ নম্বর, মুক্তিবার্তা নম্বর ও তারিখ	গেজেট নম্বর ও তারিখ	মন্ত্রণালযের সনদ নম্বর, তারিখ ও স্মারক নম্বর	বামুস সনদ নম্বর ও তারিখ	মুক্তিযোদ্ধার নাতি-নাতনী দাবি করার ক্ষেত্রে প্রার্থীর জাতীয় পরিচয়পত্র, পিতা-মাতার জাতীয় পরিচয়পত্র এবং মুক্তিযোদ্ধার সাথে সম্পর্কের বিষয়ে সনদপত্র	মুক্তিযোদ্ধার উত্তরাধীকারী সনদপত্র পোষ্যদের ক্ষেত্রে প্রার্থীর পিতা-মাতার নাগরিকত্ব সনদযুক্ত প্রমাণক	মন্তব্য

(চ) ট্রেজারী চালানের মাধ্যমে পরীক্ষা ফি বাবদ কোড নং-১-০৭৪১-০০০০-২০৩১-তে ৫০/-(পঞ্চাশ) টাকা জমা প্রদান করে ট্রেজারি চালানের মূল কপি (১ম) আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে। ব্যাংক ড্রাফট/পে অর্ডার/পোষ্টাল অর্ডার গ্রহণযোগ্য নয়।

(ছ) পদের নাম, জেলার নাম ও প্রার্থীর নাম ঠিকানা সম্বলিত ১০ (দশ) টাকার ডাক টিকেট লাগানো ০১ (এক) টি ১০ ইঞ্চি X ৪.৫ ইঞ্চি ফেরত খাম আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।

০৮ বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র এবং ত্রুটিপূর্ণ/ অসম্পর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

০৯ চাকুরীরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদনপত্র দাখিল করতে হবে। এক্ষেত্রে আবেদনপত্রের কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না।

১০ সরকারি নীতিমালা মোতাবেক মুক্তিযোদ্ধার সন্তান/মহিলা/আনসার ভিডিপি/এতিম/শারীরিক প্রতিবন্ধী/ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রার্থীদের জন্য কোটা সংক্রান্ত সরকারি বিধি বিধান অনুসরণ করা হবে। এক্ষেত্রে প্রার্থীকে তার কোটা দাবীর সমর্থনে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/ প্রমানপত্রের সত্যায়িত কপি জমা দিতে হবে। অন্যথায় তাকে সাধারণ প্রার্থী হিসেবে বিবেচনা করা হবে।

১১ কোন তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে চাকুরীতে নিয়োগ প্রাপ্ত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগ বাতিল এবং তাঁর বিরুদ্ধে কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে ।

১২ লিখিত, ব্যবহারিক পরীক্ষায় নির্বাচিত প্রার্থীদের মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণের সময় নাগরিকত্ব সনদপত্র, জাতীয় পরিচয়পত্র/ জন্ম নিবন্ধন সনদ, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতার সনদ (প্রযোজ্য ক্ষেত্রে) প্রমাণস্বরূপ সকল সনদপত্র ও কোটা সম্পর্কিত প্রমাণক সনদপত্রের মূল কপি উপস্থাপ বা দাখিল করতে হবে।

১৩ নিয়োগের ব্যাপারে কোন প্রকার সুপারিশ বা তদবির প্রার্থীর যোগ্যতার পরিপন্থি বলে বিবেচিত হবে। আবেদন গ্রহণ ও বাতিলের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোন আপত্তি উত্থাপন করা যাবে না।

১৪ কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এ বিজ্ঞপ্তির শর্তাবলী পরিবর্তন/পরিবর্ধন /সংযোজন/বিয়োজন ও বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১৫ প্রার্থীদের নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।

২৯/১২/২০২১

মো: ইসমাইল হোসেন এনডিসি
বিভাগীয় কমিশনার
খুলনা
০২-৪৭৭৭০৩০৩৫ (অফিস)
divcomkhulna@mopa.gov.bd

১৪ অগ্রহায়ণ ১৪২৮ বঙ্গাব্দ

স্মারক নম্বর-০৫.০০.০০০০.০০৫.০৭.০৫১.২১.৪৯৯ তারিখ ---------------------------।

২৯ নভেম্বর ২০২১ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃষ্টি আকর্ষণ : সিনিয়র সহকারী সচিব, শুদ্ধাচার শাখা)
০২। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
দৃষ্টি আকর্ষণ : উপসচিব, প্রশাসন-৩ শাখা /গবেষণা কর্মকর্তা, উদ্বৃত্ত কর্মচারী শাখা
০৩। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। সচিব, মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
০৫। সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৬। সচিব, বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশন, আগারগাঁও, ঢাকা।
০৭। উপ-পুলিশ মহাপরিদর্শক, খুলনা রেঞ্জ, খুলনা।
০৮। পুলিশ কমিশনার, খুলনা মেট্রোপলিটন পুলিশ, খুলনা।
০৯। অতিরিক্ত বিভাগীয় কমিশনার (রাজস্ব/ উন্নয়ন/ সার্বিক), খুলনা
১০। পরিচালক, স্থানীয় সরকার, খুলনা বিভাগ, খুলনা।
১১। পরিচালক (স্বাস্থ্য), খুলনা বিভাগ, খুলনা।
১২। জেলা প্রশাসক, খুলনা/ বাগেরহাট/ সাতক্ষীরা/ যশোর/ নড়াইল/ ঝিনাইদহ/ মাগুরা/ কুষ্টিয়া/ চুয়াডাংগা/মেহেরপুর।
১৩। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, খুলনা/ বাগেরহাট/ সাতক্ষীরা/ যশোর/ নড়াইল/ ঝিনাইদহ/ মাগুরা/ কুষ্টিয়া/ চুয়াডাংগা/ মেহেরপুর।
১৪। পুলিশ সুপার, খুলনা/ বাগেরহাট/ সাতক্ষীরা/ যশোর/ নড়াইল/ ঝিনাইদহ/ মাগুরা/ কুষ্টিয়া/ চুয়াডাংগা/মেহেরপুর।
১৫। সিভিল সার্জন, খুলনা/ বাগেরহাট/ সাতক্ষীরা/ যশোর/ নড়াইল/ ঝিনাইদহ/ মাগুরা/ কুষ্টিয়া/ চুয়াডাংগা/মেহেরপুর।
১৬। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, খুলনা।
১৭। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, খুলনা অঞ্চল, খুলনা।
১৮। বিভাগীয় কমিশনারের একান্ত সচিব, খুলনা।
১৯। উপ-পরিচালক, বিভাগীয় তথ্য অফিস, খুলনা।
২০। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, খুলনা।
২১। উপ- পরিচালক, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন, আঞ্চলিক কার্যালয়, খালিশপুর, খুলনা।
২২। সহকারী কমিশনার, আইসিটি, বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনা (তাকে নিয়োগ বিজ্ঞপ্তিটিসহ জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৯ ডিসেম্বর ২০১৪ তারিখের ০৫.১১০.০০০০.০০.০০.০৮৯.১৪-০১ নম্বর পরিপত্রে প্রকাশিত চাকরির আবেদনের মডেল ফরম ওয়েব সাইটের নোটিশ বোর্ডে প্রকাশের অনুরোধ)।
২৩। সহকারী পরিচালক, জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস, খুলনা।
২৪। সম্পাদক, দৈনিক প্রথম আলো, ঢাকা (নিয়োগ বিজ্ঞপ্তিটি আগামী ০৭-১২-২০২১ খ্রি. তারিখের মধ্যে তাঁর পত্রিকায় স্বল্প পরিসরে ০১(এক)দিনের জন্য প্রকাশ করে প্রকাশিত পত্রিকার বিজ্ঞপ্তির ০৫(পাঁচ)কপি এবং বিজ্ঞাপন বিল প্রেরণের জন্য অনুরোধ করা হলো)
২৫। সম্পাদক, দৈনিক পূর্বাঞ্চল, খুলনা (নিয়োগ বিজ্ঞপ্তিটি আগামী ০৭-১২-২০২১ খ্রি. তারিখের মধ্যে তাঁর পত্রিকায় স্বল্প পরিসরে ০১(এক)দিনের জন্য প্রকাশ করে প্রকাশিত পত্রিকার বিজ্ঞপ্তির ০৫(পাঁচ)কপি এবং বিজ্ঞাপন বিল প্রেরণের জন্য অনুরোধ করা হলো)

২৯/১১/২০২১

মোঃ ইসমাইল হোসেন এনডিসি
বিভাগীয় কমিশনার
খুলনা
০২-৪৭৭৭০৩০৩৫ (অফিস)
divcomkhulna@mopa.gov.bd